



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-২৪৪/ক/অনু:/০৯/ ২৬৩৭

তারিখ : ২৯/০৯/২০১৯

বিষয় : পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র : অধ্যক্ষের ২২/০৯/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহ নরসিংদী জেলার সদর উপজেলার মাধবদীতে অবস্থিত 'মাধবদী ডিজিটাল কলেজ' এ একাদশ শ্রেণিতে পাঠদানের অনুমতির মেয়াদ ০১/০৭/২০১৯ তারিখ হতে ৩০/০৬/২০২১ তারিখ পর্যন্ত মোট ০২ (দুই) বছরের জন্য বৃদ্ধি করা হলো। এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ :

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা।

বিষয়সমূহ :

আবশ্যিক :

১। বাংলা
২। ইংরেজি
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক শাখা :

১। পৌরনীতি ও সুশাসন
২। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
৩। ইসলাম শিক্ষা
৪। যুক্তিবিদ্যা
৫। অর্থনীতি
৬। সমাজবিজ্ঞান

ব্যবসায় শিক্ষা শাখা :

১। হিসাববিজ্ঞান
২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
৪। ফিন্যান্স ব্যাংকিং ও বীমা

শর্তসমূহ :

- ১। শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি ও ফলাফল আরও উন্নীত করতে হবে।
- ২। নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ৩। সরকারি বিধি মোতাবেক শিক্ষক নিয়োগ করতে হবে।
- ৪। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ৫। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৬। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ৭। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য.....২)

- ৮। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯ যথাযথ ভাবে অনুসরণ করতে হবে।
- ৯। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :
- (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট ;
- (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট ;
- (গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার রশিদ ;
- (ঘ) উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বঃ -

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

অধ্যক্ষ

মাধবদী ডিজিটাল কলেজ (EIN-131872)
মাধবদী, সদর, নরসিংদী।

মেমো নং- ১৬৩৭ (৫)

তারিখ : ২৯/০৯/১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

- ১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, নরসিংদী।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। অফিস কপি।



২৯/০৯/১৯
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

